

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক থকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২১, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পশ্চীম উপর্যুক্ত ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

পৌর-৩ শাখা।

## প্রজ্ঞাপন

তারিখ, ২১ নভেম্বর ২০০২/৭ অগ্রহায়ণ ১৪০৯

এস, আর, ও নং ৩২৫ আইন/২০০২—যেহেতু সরকার অত্র বিভাগের প্রজ্ঞাপন নং এস, আর, ও ২৫৮-আইন/২০০২, তারিখ ২১ সেপ্টেম্বর, ২০০২ ইংরেজী মোতাবেক ৬ আশ্বিন, ১৪০৯ বাংলা দ্বারা নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকা ঘোষণা করিয়াছে; এবং

যেহেতু সরকার উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণা করিবার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বিলিয়া উন্নিষিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব-সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করিবার জন্য খাগড়াছড়ি পার্বত্য জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনাতে উক্ত Rules এর rule 4 (2) এর অধীনে উক্ত এলাকা সমষ্টিয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

(৪৮২৭)

মূল্য : টাকা ১.০০

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ordinance No. XXVI of 1977)এর section 4(a)-তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা খাগড়াছড়ি পার্বত্য জেলার মাটিরাঙ্গা উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ১৬ অক্টোবর ১৪০৯ বাংলা মোতাবেক ৩০ নভেম্বর, ২০০২ ইংরেজী তারিখ হইতে মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল ; এই মিউনিসিপ্যালিটি মাটিরাঙ্গা মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

#### তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে, এল, নং	দাগ নং
১	২	৩	৪	৫
(১)	মাটিরাঙ্গা	মাটিরাঙ্গা	১৯৬	০১—১১১৭
(২)	মাটিরাঙ্গা	আলুচিলা	২০৮	০১—২০০
(৩)	মাটিরাঙ্গা	ধলিয়া	২০১	৩০২—৩৭১, ৫৫০—৬০০
(৪)	গুইমারা	বাইল্যাছড়ি	১৯৯	২০২—২৬৬, ৮১২—৮১৮, ৮৩৬।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
মোঃ ফজলুল হক  
যুগ্ম-সচিব (উঃ)।

আবদুল মালেক, উপ-নিয়ন্ত্রক (ভারপ্রাণ), বাংলাদেশ সরকারী মুদ্রালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্য ও প্রকাশনী অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।